

(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

পার-৪ অধিশাখা।

নং-পার-৪/পদসৃষ্টি-৫০/২০০৯-২২২

তারিখঃ ১৫.০৪.২০১৪ খ্রিঃ।

প্রেরকঃ মোঃ জিল্লুর রহমান চৌধুরী
উপসচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ জাতীয় এইডস/এসটিডি কন্ট্রলের জন্য রাজস্বখাতে পদ সৃজন।

আদিষ্ট হয়ে জাতীয় এইডস/এসটিডি কন্ট্রলের জন্য ক্যাডার বহির্ভূত ০৮টি পদ (তন্মধ্যে ০২টি পদ আউট সোর্সিং এর মাধ্যমে) বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

পদগুলো নিম্নরূপঃ

ক্রমিক নং	পদের নাম ও সংখ্যা	জাতীয় বেতন স্কেল/০৯	শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা
১	২	৩	৪
১	এডমিনিষ্ট্রেটিভ অফিসার-০১টি	টা: ৮০০০-১৬৫৪০ (১০ নং স্কেল)	The Bangladesh Health Services (Non-Medical Officers and Employees Recruitment) Rules.1985 এর তফসিলের ক্রমিক নং-৮৪ মোতাবেক।
২	সহকারী স্ট্যাটিসটিকেল অফিসার-০১টি	টা: ৫৫০০-১২০৯৫ (১৩ নং স্কেল)	The Bangladesh Health Services (Non-Medical Officers and Employees Recruitment) Rules.1985 এর তফসিলের ক্রমিক নং-১৯ মোতাবেক।
৩	একাউন্টেন্ট-০১টি	টা: ৫২০০-১১২৩৫ (১৪ নং স্কেল)	The Bangladesh Health Services (Non-Medical Officers and Employees Recruitment) Rules.1985 এর তফসিলের ক্রমিক নং-৯২ মোতাবেক।
৪	অফিস সহকারী -কাম - কম্পিউটার মুদ্রাক্ষরিক-০২টি	টা: ৪৭০০-৯৭৪৫ (১৬ নং স্কেল)	The Bangladesh Health Services (Non-Medical Officers and Employees Recruitment) Rules.1985 এর তফসিলের ক্রমিক নং-৪৯ মোতাবেক।
৫	ডাইভার-০১	টা: ৪৭০০-৯৭৪৫ (১৬ নং স্কেল) (হালকা লাইসেন্সধারীর ক্ষেত্রে) টা: ৪৯০০-১০৪৫০ (১৫ নং স্কেল) (ভারী লাইসেন্সধারীর ক্ষেত্রে)	The Bangladesh Health Services (Non-Medical Officers and Employees Recruitment) Rules.1985 এর তফসিলের ক্রমিক নং-১০০ অনুযায়ী পদটি পূরণের শর্তে।
আউট সোর্সিং			
৬	এমএলএসএস-০১টি	টা: ৭৭৫০ (সাকুল্যে)	অর্থ বিভাগের ২৬.১১.২০১২ তারিখের পরিপত্র নং ০৭.১৫৩. ০১৫.০৭.০০.০০২.২০০৭-৭৪৬ নং আউটসোর্সিং নীতমালার অনুসারে পূরণযোগ্য
৭	ক্রিনার (সুইপার)-০১টি	টা: ৭৭৫০ (সাকুল্যে)	অর্থ বিভাগের ২৬.১১.২০১২ তারিখের পরিপত্র নং ০৭.১৫৩. ০১৫.০৭.০০.০০২.২০০৭-৭৪৬ নং আউটসোর্সিং নীতমালার অনুসারে পূরণযোগ্য
	মোট=০৮টি		

- ৩। উপরের ছকের ৩নং কলামে নির্ধারণকৃত বেতনস্কেল ৪নং কলামে প্রদর্শিত যোগ্যতা/অভিজ্ঞতা সাপেক্ষে কার্যকর হবে। এতদসংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ কর্তৃক প্রদত্ত শর্তাদি প্রতিপালন করতে হবে। এছাড়া, পদের মঞ্জুরী আদেশ (জিও) অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ কর্তৃক পৃষ্ঠাংকনকৃত হতে হবে।
- ৪। এ পদ সৃষ্টিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬.১১.২০১৩ তারিখের ৩৮২ নং ও অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০৯.১২.২০১৩ তারিখের ৭০৫ নং স্মারকের সম্মতি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ রয়েছে।
- ৫। বিদ্যমান টিওএন্ডই-তে নতুন সৃজিত পদ অন্তর্ভুক্ত করে অস্থায়ী হিসেবে চিহ্নিতপূর্বক টিওএন্ডই হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর এক কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।
- ৬। উল্লিখিত কর্মচারীদের যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কোড নম্বর হতে মিটানো হবে।
- ৭। এ আদেশ জারীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাক্ষর
মো: জিল্লুর রহমান চৌধুরী
উপসচিব
ফোন-৯৫৪৫১৩৪

নং-পার-৪/পদসৃষ্টি-৫০/২০০৯-২২২

তারিখঃ ১৫.০৪.২০১৪ খ্রিঃ।

অনুলিপি ০৪(চার) কপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসচিব, ব্যয় নিয়ন্ত্রণ-৬ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের নিকট প্রেরণ করা হলো। এর ২(দুই) কপি পৃষ্ঠাংকনপূর্বক ১(এক) কপি সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং ১(এক) কপি প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা ঢাকা এর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষর
মো: জিল্লুর রহমান চৌধুরী
উপসচিব
তারিখঃ

নং-০৭.১৫৬.০১৫.৪৫.০২.১৭.২০১৩

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা ঢাকা বরাবর প্রেরণ করা হলো। এ আদেশ জারীতে ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।

উপসচিব
ব্যয় নিয়ন্ত্রণ-৬ অধিশাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
তারিখঃ ১৫.০৪.২০১৪ খ্রিঃ।

নং-পার-৪/পদসৃষ্টি-৫০/২০০৯-২২২/১(৫)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। লাইন ডাইরেক্টর, জাতীয় এইডস/এসটিডি কন্ট্রোল, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ০৩.০২.২০১৪ তারিখের সভার কার্যবিবরণীর ফটোকপি)।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে সরকারী আদেশটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

স্বাক্ষর
মো: জিল্লুর রহমান চৌধুরী
উপসচিব